দৈনিক
ইনকিলাব

তারিখ ... NOV 13 2006 ...
পৃষ্ঠা ৯ কলাম ১১

# আবারো সেশনজটের কবলে রা

## প্রশাসনের কোন মাথাব্যথা নেই : গণনিয়োগ অব্যাহ

মোঃ রকিব উদ্দিন ঃ আবারো সেশনজটের কবলে পড়তে যাচ্ছে রাজশাহী বিশ্ববিদ্যালয়। দেশের রাজনৈতিক পরিস্থিতির অজুহাত দেখিয়ে বারবার ছুটি বৃদ্ধি করার ফলে শিক্ষার্থীদের ঘাড়ে ছয় মাসের সেশনজট চেপে বসছে। এ নিয়ে সর্বমহলে ক্ষোভ বিরাজ করলেও প্রশাসনের কোন মাথাব্যথা লক্ষ্য করা যাচ্ছে না। সম্ভাব্য আন্দোলন ঠেকিয়ে নিরুপদ্রব চলমান গণ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতেই কর্তৃপক্ষ ছুটি বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করেছে বলে দাবি প্রগতিশীল শিক্ষক সমাজ ও সমমনা ছাত্র সংগঠনগুলোর।

বিগত কয়েক বছর যাবৎ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে একাডেমিক কার্যকলাপে গতিশীল অবস্থার কারণে সেশনজট অনেকটা শূন্যের কোটায় নেমে এসেছিল। বিজনেস স্টাডিস অনুষদভুক্ত কয়েকটি বিভাগে কিছুটা সেশনজট থাকলেও তাও কমে আসতে শুরু করেছিল। কিন্তু একের পর এক প্রশাসনি
অদূরদর্শিতা ও অব্যবস্থাপনার কারণে ত
প্রভাব পড়ছে একাডেমিক কর্মকাণ্ডের ওপর
এদিকে পবিত্র ঈদুল ফিতরের ছুটি বৃদ্ধি
কারণে অন্তত ৪০টি বিভাগের অনার্স
মাস্টার্স ফাইনাল পরীক্ষা অনিশ্চয়তার মু
পড়েছে। কবে নাগাদ এসব বিভাগের পরী
অনুষ্ঠিত হবে তা কেউ বলতে পারে ন
তবে আগামী নির্বাচনের আগে যে পরী
অনুষ্ঠিত হবার কোন সম্ভাবনা নেই, সে
প্রায় নিশ্চিত। ফলে আরো প্রায় ৬ মা
সেশনজটের কবলে পড়তে যা
শিক্ষার্থীরা।

ঈদের পর ক্যাম্পাস খুললে এসব বিভা
বাকি পরীক্ষা অনুষ্ঠিত হবার কথা। আ
অধিকাংশ বিভাগের পরীক্ষা ছিল নভেম্ব
প্রথম দিকে। আগামী ২৫ নভেম্বর পুন
ক্লাস পরীক্ষা শুরু হবে। তার এক সপ্তাহ
৩ ডিসেম্বর থেকে শুরু হবে ২০০৬-২০
শিক্ষাবর্ষের প্রথম বর্ষ সম্মান শ্রেণী
ভর্তিপরীক্ষা। এর মাঝে কোন বিভা
ইয়ার ফাইনাল পরীক্ষা শুরু হবার সম্ভা
নেই। আগামী ১৪ ডিসেম্বর ভর্তিপরীক্ষা
হবে। তারপর পবিত্র ঈদুল আযহা উপল
২৮ ডিসেম্বর থেকে ক্যাম্পাস বন্ধ হয়ে যা
জানুয়ারীর প্রথম সপ্তাহ পর্যন্ত বন্ধ থাকার
ক্যাম্পাস খুলতে না খুলতেই জাতীয় সং